# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২৩-২৪/১১১৯(১২৫০) তারিখঃ ১২/১১/২০২৩ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০৫, তারিখ ২৫ আগস্ট,২০২২ এর আওতায় ঋণ বিতরণ এর লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক করণীয় সম্পর্কিত দিক নির্দেশনা দিয়ে অত্র বিভাগের ১২/১০/২০২২ তারিখের ৯৬৫ নং পত্র মূলে মাঠ পর্যায়ে পত্র জারী করা হয়েছে। বর্ণিত সার্কুলারের আওতায় ৩০ জুন, ২০২৫ তারিখ মেয়াদে ঋণ বিতরনের কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। ইতোমধ্যে নির্ধারিত সময়ের ২০২২-২০২৩ অর্থবছর অতিক্রান্ত হয়েছে এবং চলতি ২০২৩-২৪ অর্থবছর শেষ পর্যায়ে অর্থাৎ বর্ণিত সার্কুলারের আওতায় ভূট্টা(রবি) উৎপাদনের জন্য ঋণ বিতরণ কাল ১অক্টোবর হতে ১৪ নভেম্বর এবং ভূট্টা(খরিপ) উৎপাদনের জন্য ঋণ বিতরণ কাল ১মার্চ হতে ৩০ এপ্রিল। অন্যদিকে গম উৎপাদনের জন্য ঋণ বিতরণ কাল ১নভেম্বর হতে ১৫ ডিসেম্বর। উৎপাদন মৌসুম কাল বিবেচনায় ভূট্টা(রবি) ২০২৩-২৪ অর্থবছরে উৎপাদনের জন্য ঋণ বিতরণ কাল প্রায় শেষ পর্যায়ে এবং গম উৎপাদনের জন্য ঋণ বিতরণ কাল ইতোমধ্যে ১২ দিন অতিক্রান্ত হয়েছে আর মাত্র ৩৩ দিন অবশিষ্ট রয়েছে। কিন্তু বর্নিত স্কিমের আওতায় ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। ০৯/১১/২০২৩ তারিখ ভিত্তিক বিভাগওয়ারী বর্ণিত স্কিমের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিম্নরূপঃ

(কোটি টাকায়)

| ক্রমিক নং | বিভাগের নাম | ঋণ বিতরনের নির্ধারিত লক্ষ্যমাত্রা | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের পরিমাণ (০৯/১১/২০২৩ তারিখ ভিত্তিক) | লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার (০৯/১১/২০২৩ তারিখ ভিত্তিক) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | ঢাকা | ২৫.০০ | ৪.৯৬ | ১৯.৮৪% | |
| ০২ | ময়মনসিংহ | ২৫.০০ | ৪.১৮ | ১৬.৭২% | |
| ০৩ | চট্টগ্রাম | ৭.০০ | ০.৯৬ | ১৩.৭১% | |
| ০৪ | খুলনা | ৩৫.০০ | ২.৪৮ | ৭.০৯% | |
| ০৫ | বরিশাল | ৩.০০ | ০.৩৪ | ১১.৩৩% | |
| ০৬ | সিলেট | ৬.০০ | ০.৩১ | ৫.১৭% | |
| ০৭ | কুমিল্লা | ৩২.০০ | ১.৯০ | ৫.৯৪% | |
| ০৮ | ফরিদপুর | ২৪.০০ | ৩.৩২ | ১৩.৮৩% | |
| ০৯ | কুষ্টিয়া | ৮৩.০০ | ৬.৩১ | ৭.৬০% | |
| | সর্বমোট | ২৪০.০০ | ২৪.৭৬ | ১০.৩২% | |

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায় কোন বিভাগই আলোচ্য স্কিমের আওতায় ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়নি। বর্ণিত সময়ে অর্থাৎ ০৯/১১/২০২৩ তারিখ পর্যন্ত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত হয়েছে ১০.৩২%। বর্ণিত স্কিমের আওতায় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে অনেক পেছনে থাকায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অসন্তোষ প্রকাশ করেছেন।

চলমান পাতা-০২

বিষয়ঃ গম ও ভুট্টা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ১,০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীম (এসিডি সার্কুলার নং-০৫, তারিখঃ ২৫/০৮/২০২২) এর আওতায় ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি প্রসঙ্গে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার লেটার নং-৯৬৫(১২৫০) ও ৬৫৭(১২৫০) তারিখঃ যথাক্রমে ১২/১০/২০২২ ও ১৩/০৯/২০২৩ এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরনপূর্বক আগামী ১৫ ডিসেম্বর, ২০২৩ তারিখের মধ্যে ঋণ বিতরণের কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শাখা ও অঞ্চল কে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো এবং দৈনিক ভিত্তিতে লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন তদারকি জোরদার ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় কার্যালয়সমূহকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১২/১১/২০২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-১/৭(৩৩)/২০২৩-২৪/১১১৯ (১২৫০)

তারিখঃ ১২/১১/২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১২/১১/২০২৩

(মুহাম্মদ মোশররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক